তারেক রহমান প্রধানমন্ত্রী হলে জনগণ সাংবিধানিক অধিকার ফিরে পাবে

দীর্ঘ ১৭ বছর আপনারা কোনো সাংবিধানিক অধিকার পাননি, আপনাদের ছেলে-মেয়েরা চাকরি পাননি, আপনাদের নাতি-নাতনিরাও চাকরি পাননি। আপনারা নিরাপদে চলাফেরা করতে পারেননি, ব্যবসা-বাণিজ্য করতে পারেননি। ইনশাআল্লাহ, তারেক রহমান যদি প্রধানমন্ত্রী হন, তাহলে জাতীয়তাবাদী আদর্শের শক্তিতে দেশের সমস্ত মানুষ সাংবিধানিকভাবে তাদের প্রাপ্য সবকিছু ফিরে পাবে বলে আমি মনে করি।

গতকাল শুক্রবার বিকেল ৫টার দিকে জেলা বিএনপি’র কার্যালয়ে বিএনপি’র চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার ৮০তম জন্মবার্ষিকী উপলক্ষে মিলাদ ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান।

তিনি আরো বলেন, আপনারা ঐক্যবদ্ধ থাকবেন ঐক্যের কোন বিকল্প নেই। এই আহ্বায়ক কমিটি দেওয়ার পর অনেকেই মনে করেছিলেন, হয়তো বিএনপিকে ঐক্যবদ্ধ করা সম্ভব হবে না। কিন্তু মেহেরপুরের বিএনপি চেয়েছে একটি মুক্ত, স্বাধীন দল যাদের লক্ষ্য মুক্ত ও স্বাধীনভাবে রাজনীতি করা। তাই আজ সবাই একটি দলের পতাকার নিচে ঐক্যবদ্ধ হয়েছে, সেটি হলো জাতীয়তাবাদী দল। ৩১ সদস্য বিশিষ্ট এই আহ্বায়ক কমিটির মাধ্যমে আপনারা ঐক্যবদ্ধ রয়েছেন।

জেলা বিএনপি’র সদস্য আনছার উল হকের সভাপতিত্বে মাহফিলে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, কে.এম. খায়রুল বাশার, সাবেক পিপি অ্যাডভোকেট আবু সালেহ মোহাম্মদ নাসিম, রোমানা আহমেদ এবং পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস।

মেহেরপুর জেলা বিএনপি আয়োজিত দোয়া মাহফিল পরিচালনা করেন সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম ও পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা।

এছাড়াও এসময় জেলা বিএনপি’র সদস্য মীর ফারুক, ওমর ফারুক লিটন, রেজাউল হক, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, সিনিয়র সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপন, সদর উপজেলা বিএনপি’র সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপন, পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মীর জাহাঙ্গীর আলমসহ জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

পরে বেগম খালেদা জিয়ার সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করে দোয়া মোনাজাত করা হয়।

মুজিবনগরে বেগম খালেদা জিয়ার জন্মবার্ষিকী আলোচনা সভা

মুজিবনগরে বিএনপি’র চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার ৮০তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত নয়টার সময় উপজেলার কেদারগঞ্জ বাজারের মোল্লা মার্কেটে অবস্থিত উপজেলা বিএনপি’র কার্যালয়ে এই আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা ও দোয়া মাহফিলে জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক ও বর্তমান জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সভাপতি মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য বর্তমান জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মাসুদ অরুন।

আলোচনা ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন, মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সাবেক সহ-সভাপতি মজনু মিয়া, জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ-সভাপতি আজিম উদ্দিন গাজী, উপজেলা কৃষকদলের সিনিয়র সহ সভাপতি ও সাবেক মেম্বার রমজান আলী, উপজেলা কৃষকদলের সভাপতি আরমান

আলি, সাধারণ সম্পাদক কুন্নুত আলী, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজিরসহ উপজেলা বিএনপি’র নেতাকর্মীবৃন্দ।

মুজিবনগর সীমান্তে ৫১ হাজার মার্কিন ডলারসহ চোরাকারবারী আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার আনন্দরবাস সীমান্তে অভিযান চালিয়ে ৫১ হাজার মার্কিন ডলার ও একটি বাইসাইকেলসহ জাহাঙ্গীর শেখ (৪০) নামের এক চোরাকারবারীকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

গতকাল শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন-৬ বিজিবি’র একটি বিশেষ দল এ অভিযান পরিচালনা করে ডলার সহ চোরাকারবারীকে আটক করে। আটক জাহাঙ্গীর শেখ মুজিবনগরের আনন্দবাস গ্রামের বাসিন্দা।

বিজিবি সূত্রে জানা গেছে, ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল মোঃ নাজমুল হাসান গোপন সংবাদে জানতে পারেন, ভারত থেকে অবৈধভাবে ডলার পাচার হবে। পরে তার নির্দেশে সহকারী পরিচালক মোঃ হায়দার আলীর নেতৃত্বে বিজিবি সদস্যরা সীমান্তের ২০০ গজ ভেতরে ফাঁসিতলা মাঠ নামক স্থানে অবস্থান নেন। এ সময় সন্দেহভাজন এক ব্যক্তিকে দেখতে পেয়ে বিজিবি সদস্যরা ধাওয়া করে তাকে আটক করেন।

পরে তাকে তল্লাশি করে তার কাছে থাকা ৫টি প্যাকেটে মোট ৫১ হাজার মার্কিন ডলার, একটি বাইসাইকেল এবং একটি বাটন মোবাইল ফোন উদ্ধার করা হয়। উদ্ধারকৃত ডলারের আনুমানিক মূল্য প্রায় ৬২ লাখ ১ হাজার ৫৪০ টাকা বলে জানিয়েছে বিজিবি।

বিজিবি আরও জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জাহাঙ্গীর শেখ দীর্ঘদিন ধরে চোরাকারবারের সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেছে। উদ্ধারকৃত ডলার মেহেরপুর ট্রেজারি অফিসে জমা ও আটককৃত আসামিকে মুজিবনগর থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে।

বিশ্ব ভলেন্টিয়ার দিবসে মেহেরপুরে রেড ক্রিসেন্ট যুবদের মাঝে গাছ বিতরণ

বিশ্ব ভলেন্টিয়ার দিবস উপলক্ষে “সবুজ পৃথিবী, সুস্থ জীবন, একটি গাছ, একটি জীবন” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট ইউনিটের উদ্যোগে যুব সদস্যদের মাঝে গাছ বিতরণ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১টায় জেলা রেড ক্রিসেন্ট অফিসে এ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট ইউনিটের ইউনিট লেভেল অফিসার সাব্বির মিয়া, যুব প্রধান খন্দকার বদরুদ্দোজা শান্ত, প্রশিক্ষণ ও সহশিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান নাছিম হাসান, আইসিটি মিডিয়া ও যোগাযোগ বিভাগের বিভাগীয় প্রধান গালিবসহ জেলার সকল যুব সদস্যরা।

বক্তারা বলেন, গাছ শুধু পরিবেশের ভারসাম্য রক্ষাই নয়, মানুষের সুস্থ জীবনের জন্যও অপরিহার্য। তাই সবাইকে বেশি বেশি গাছ লাগানোর আহ্বান জানান তারা।

মেহেরপুরের কুতুবপুরে জেলা বিএনপি’র গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে বিএনপির ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়। এ সময় তিনি কুতুবপুর ইউনিয়নের কুলবাড়ি গ্রামের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং মতবিনিময় করেন।

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “তারেক রহমানের ৩১ দফা দাবি দেশের মানুষের মুক্তির রূপরেখা। এ দাবির বাস্তবায়নেই দেশের উন্নয়ন ও গণতন্ত্র পুনরুদ্ধার সম্ভব।”

গণসংযোগ অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান ছাতু, আনছারুল হক, হাফিজুর রহমান হাফি, রোমানা আহম্মেদ, আবু সালেহ নাসিম, মীর ফারুক, মজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, আমদহ ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইলিয়াস বিশ্বাস, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, সদস্য মেহেদী হাসান রোলেক্স, সাবেক সদর থানা যুবদল সভাপতি হাসিবুজ্জামান স্বপনসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

মেয়াদ বাড়ল প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দারের

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বিশেষ সহকারী (ঐকমত্য গঠন) মনির হায়দারের চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ ৬ মাস বাড়িয়েছে সরকার।

আগের নিয়োগের ধারাবাহিকতায় মনির হায়দারের চুক্তির মেয়াদ আগামী ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত বাড়িয়ে আজ বৃহস্পতিবার (১৪ আগস্ট) প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ।

এর আগে গত ৬ ফেব্রুয়ারি জ্যেষ্ঠ সাংবাদিক মনির হায়দারকে ৬ মাসের জন্য প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐকমত্য গঠন) হিসেবে চুক্তিতে নিয়োগ দেয় সরকার।

অন্য যেকোনো পেশা, ব্যবসা কিংবা সরকারি, আধা সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান বা সংগঠনের সঙ্গে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে তাকে সিনিয়র সচিব পদমর্যাদায় ওই পদে নিয়োগ দেওয়া হয়েছিল।

নিয়োগের মেয়াদ বাড়ায় নিয়োগের অন্যান্য শর্ত চুক্তি অনুযায়ী নির্ধারণ করা হবে।

গাংনীতে ছাদ থেকে পড়ে প্রাণ হারালেন নারী

মেহেরপুরের গাংনী উপজেলার চৌগাছা গ্রামে ছাদ থেকে পড়ে কুরছিয়া খাতুন নামের এক গৃহবধূ নিহত হয়েছেন।
নিহত কুরছিয়া গাংনী পৌরসভার চৌগাছা গ্রামের আব্দুল মতিনের স্ত্রী।

আজ বৃহস্পতিবার (১৪ জুলাই) দুপুরের দিকে নিজ বাড়ির দোতলার ছাদ থেকে পড়ে ঘটনাস্থলেই মারা যান তিনি।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

স্থানীয়দের বরাত দিয়ে তিনি বলেন, কুরছিয়া তার ঘরের ছাদের উপর দাঁড়িয়ে নারিকেল গাছের পাতা কাটতে গিয়ে নিচে পড়ে যান। পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহের সুরতহাল রিপোর্ট প্রস্তুত করেছে।

গাংনীতে পুলিশের অভিযানে গ্রেফতার ৫

মেহেরপুরের গাংনীতে ২৪ ঘন্টার অভিযানে ৫ জন আসামীকে গ্রেফতার করেছে পুলিশ।

গত বুধবার রাত থেকে গতকাল বৃহস্পতিবার ভোর পর্যন্ত জেলার বিভিন্ন জায়গায় অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করা হয়েছে ।

গ্রেফতারকৃত আসামীরা হলেন, গাংনীর আমতৈল গ্রামের মৃত আতাহার মন্ডলের ছেলে মোঃ কামরুজ্জামান মন্ডল (৫১), সাহারবাটি গ্রামের মৃত আমীর আলীর ছেলে মোঃ আজমত আলী(৪৭), পুরাতন মটমুরা গ্রামের মৃত জায়েদ আলীর ছেলে মোঃ আনারুল ইসলাম, ধানখোলা গ্রামের আনছার আলীর ছেলে মোঃ লিটন বেপারী এবং তার স্ত্রী মোছাঃ বিথীয়ারা খাতুন বিথী।

গ্রেফতারকৃত আসামীকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

জেলা সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান চলমান থাকবে বলে জানিয়েছেন আইন শৃঙ্খলা বাহিনী।

মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধাদের মতবিনিময় সভা

মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১টার দিকে মেহেরপুর জেলা ইসলামী ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে, জেলার বীর মুক্তিযোদ্ধাবৃন্দের আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়।

বীর মুক্তিযোদ্ধা মোঃ মোফাজ্জেল হোসেনের সভাপতিত্বে সভায় সূচনা বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক।

বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার মোঃ নুরুল ইসলামের সঞ্চালনায় এ সময় বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা মোঃ আনেয়ার হোসেন, বীর মুক্তিযোদ্ধা আঃ মজিদ পাতান, বীর মুক্তিযোদ্ধা তৌফিক আলী, বীর মুক্তিযোদ্ধা জিল্লুর রহমান প্রমুখ।

এসময় বক্তারা বলেন, মুক্তিযোদ্ধার সংজ্ঞা বিস্তৃত। দেশ ও জাতি সবার উপরে থাকবে। ইসলামিক সরকার, অনইসলামিক সরকার বা হিন্দু, মুসলিম, খ্রিস্টানদের মিলিত সরকার যেই আসুক না কেন, মুক্তিযোদ্ধারা সর্বদা সবার উপরে থাকবেন।

এছাড়াও এসময় বীর মুক্তিযোদ্ধা হারুন অর রশিদ, বীর মুক্তিযোদ্ধা মোঃ তৌফিক আলী, বীর মুক্তিযোদ্ধা আফজাল থেসেন, বীর মুক্তিযোদ্ধা আনোয়ার হোসেন, বীর মুক্তিযোদ্ধা দুলাল উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা তৈয়ব আলীসহ আরো অনেকেই উপস্থিত ছিলেন।

মুজিবনগর সীমান্তে ৯ বাংলাদেশিকে হস্তান্তর করলো বিএসএফ

মেহেরপুরের মুজিবনগর সীমান্তে পতাকা বৈঠকের মাধ্যমে ৯ বাংলাদেশি নাগরিককে বিজিবির কাছে হস্তান্তর করেছে ভারতের সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ।

বৃহস্পতিবার (১৪ আগস্ট) সকাল ১০টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এবং ভারতের ১৬১ বিএসএফ ব্যাটালিয়নের মধ্যে মেইন পিলার ১০৫-এর নিকটে শূন্য লাইনে কোম্পানি কমান্ডার পর্যায়ে এই পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।

হস্তান্তর হওয়া ব্যক্তিরা হলেন— ফরিদপুর ভাঙ্গা থানার ওদুদ শেখের

ছেলে আবু সাইদ (৪৫), তার স্ত্রী বিউটি বেগম (৪০), ছেলে সম্রাট
(৭) ও মেয়ে শিমলা আক্তার (১১), ফরিদপুর নগরকান্দা থানার বদিরুজ্জামান (৩৯), তার স্ত্রী ডলি (৩৫), মেয়ে লামিয়া আক্তার (৬), ছেলে আলী আকবার (৪) ও মেয়ে ছাদিয়া আক্তার (১.৫)।

বিজিবি জানায়, পতাকা বৈঠকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের মুজিবনগর কোম্পানি কমান্ডার আবুল বাশার এবং ভারতের হৃদয়পুর ১৬১ বিএসএফ ব্যাটালিয়নের কোম্পানি কমান্ডার সজল কুমার গাঙ্গুয়া উপস্থিত ছিলেন। আলোচনার এক পর্যায়ে পূর্বে বাংলাদেশ থেকে অবৈধভাবে ভারতে প্রবেশ করা এই ৯ বাংলাদেশিকে বিএসএফ বিজিবির কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করে।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা জানান, সীমান্তের বিভিন্ন পথ দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করে উড়িষ্যা রাজ্যে বসবাস করছিলেন। পরে বিএসএফ তাদের মুজিবনগর স্বাধীনতা সড়ক হয়ে এনে বিজিবির হাতে তুলে দেয়।

ফেরত আসা সবাইকে মুজিবনগর থানায় হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।